

# বাউবি শিক্ষক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম ও সম্পাদক আব্দুস সাত্তার

প্রেস রিলিজ

২৫ জানুয়ারি ২০২৩

০৯:৩৬ পিএম | আপডেট:

২৫ জানুয়ারি ২০২৩

০৯:৩৬ পিএম



advertisement

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ২০২৩ নির্বাচনে বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম পূর্ণ প্যানেল জয়লাভ করেছে। সভাপতি পদে অধ্যাপক মো. আনোয়ারুল ইসলাম এবং সাধারণ সম্পাদক পদে মো. আব্দুস সাত্তার জয় লাভ করেন।

বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসের সেমিনার হলে ২৫ জানুয়ারি ২০২৩, বুধবার এই নির্বাচন অনুষ্ঠিত হয়। বিজয়ী অন্যান্যরা হলেন সহ-সভাপতি মো. আনোয়ারুল ইসলাম, কোষাধ্যক্ষ মো. মশিউর রহমান, যুগ্ম-সম্পাদক কামরুজ্জামান, সাংস্কৃতিক সম্পাদক আরিফুল ইসলাম, কার্যনির্বাহী পরিষদের সদস্য পদে অধ্যাপক ড. কে.এম রেজানুর রহমান, অধ্যাপক ড. সোয়াইব আহমেদ, অধ্যাপক ডা. সরকার মো. নোমান, অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম, ড. মোহাম্মদ আব্দুল হামিদ, মেহেরীন মুনজারীন রত্না, ড. মো. শহীদুর রহমান, সুমা কর্মকার ও মো. শেখ ফরিদ নির্বাচিত হয়েছেন।

advertisement

নির্বাচনে মোট তিনটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে। বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম ও জাতীয়তাবাদী মনোনীত পৃথক দুইটি প্যানেল। এ ছাড়া সভাপতি পদে মো. মিজানুর রহমান স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেন। এ নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ১৩৭ জন।

advertisement 4

প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন স্কুল অব এডুকেশনের ডিন প্রফেসর সুফিয়া বেগম।